গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি
নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫।
www.latc.gov.bd

নম্বর-৩১.০৪.০০০০.০০০. ১১.০০১.২০২৪-২৭৭

তারিখ: ০৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩
১৯ মে, ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিম্নোক্ত রাজস্ব খাতভুক্ত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://latc.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | সহকারী লাইব্রেরীয়ান<br>গ্রেড-১১<br>(১২,৫০০-৩০,২৩০) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সম্মান ডিগ্রি; অথবা (আ) ডিপ্লোমাসহ স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সম্মান ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে গতি ইংরেজি ২০ শব্দ, বাংলা ২০ শব্দ। |
| ২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>(১০,২০০-২৪,৬৮০) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ইংরেজি ৭০ শব্দ, বাংলা ৪৫ শব্দ এবং টাইপিং এর গতি ইংরেজি ৩০ শব্দ, বাংলা ২৫ শব্দ। |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে গতি ইংরেজি ২০ শব্দ, বাংলা ২০ শব্দ। |
| ৪ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাস। |

**২। আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করতে হবেঃ**

ক. ২১/০৫/২০২৬ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটা সংক্রান্ত পরিপত্র ও সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঙ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এ ছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন

পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

ছ. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে 'ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র নিয়োগ বিধিমালা, ২০১৭' ও 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হবে।

জ. আবেদন শুধু অনলাইনে গ্রহণ করা হবে।

ঝ. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।

ঞ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://latc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১/০৫/২০২৬ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০/০৬/২০২৬ বিকাল-০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১৮/- টাকা মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা, ২ ও ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ - ১২/- টাকা মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৪ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকা মোট ৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকা মোট ৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলি:

প্রথম SMS : LATC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LATC ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK------ will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LATC <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: LATC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: LATC Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for LATC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://latc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে LATC <space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: LATC Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে LATC <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.

Example: LATC Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ওয়েবসাইট www.latc.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান করে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.latc.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dirlatc@gmail.com ই-মেইল যোগাযোগ করা যাবে। এ ছাড়া, টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: LATC, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১৭/০৫/২০২৬

(খান এ. সবুর খান)
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
ও
সদস্য-সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।